

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১১৭.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ডি, শহীদবাগ এলাকায় পানির লাইনের গেট ভালভ মেরামত করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ডি, শহীদবাগ এলাকায় পানির লাইনের গেট ভালভ মেরামত করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৫/৬/২৩ ১০:০৫ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২ এর ব্লক-ডি এলাকাটি উচু-নীচু এবং উক্ত এলাকায় তীব্র পানির সংকট থাকায় রেশনিং পদ্ধতিতে পানি সরবরাহ করতে হয়। মিরপুর-১২/ডি, শহীদবাগ পাম্পের সামনের গেট ভালভ দৈনিক অপারেট করে কালাপানি, ডুইপ, ডি-ব্লকের বিভিন্ন রোডে পানি সরবরাহ করা হয়। বর্তমানে মিরপুর-১২/ডি, শহীদবাগ পাম্পের সামনে বিদ্যমান গেট ভালভ টি নষ্ট হয়ে যাওয়ায় অপারেট করা যাচ্ছে না এবং ভালভ দিয়ে অনবরত পানি অপচয় হচ্ছে। এর ফলে এলাকায় তীব্র পানি সংকটের সৃষ্টি হয়েছে। তাই অতি জরুরী ভাবে মিরপুর-১২/ডি, শহীদবাগ পাম্পের সামনের ২০০ মি.মি. ব্যাসের ০১ (এক) টি গেট ভালভ মেরামত করা একান্ত প্রয়োজন। সেই লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-২)। প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৯,১৯২/- (উনপঞ্চাশ হাজার একশত বিরানব্বই টাকা মাত্র) টাকা। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান M/S Al-Amin International এর সাথে যোগাযোগ করা হলে, প্রতিষ্ঠানটি উক্ত কাজটি প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি জ্ঞাপন করে। আলোচ্য কাজটির ব্যয়ভার মডস জোন-১০ এর ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-১৩ (বাজেট কোড: ০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-১)।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৫/৬/২৩ ১০:০৫ পূর্বাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ডি, শহীদবাগ এলাকায় পানির লাইনের গেট ভালভ মেরামত করণ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী জরুরী ভিত্তিতে M/S Al-Amin International এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার জন্য ৪৯,১৯২/- (উনপঞ্চাশ হাজার একশত বিরানব্বই টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

১৫/৬/২৩ ১০:১০ পূর্বাহ্ন
মোঃ বরকত উল্লাহ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

১৫/৬/২৩ ১২:২৫ অপরাহ্ন
নূর মোহাম্মদ জিয়াউল হক
সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

১৫/৬/২৩ ১০:৩১ অপরাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

১৫/৬/২৩ ১১:৪১ অপরাহ্ন
মোঃ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২

১৫/৬/২৩ ১১:৪১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন-৩
রক্ষণাবেক্ষণ)


অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২২/৬/২৩ ১:৫৪ অপরাহ্ন

অনুমোদিত

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



২২/৬/২৩ ১:৫৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২২/৬/২৩ ৬:৫৩ অপরাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২২/৬/২৩ ৬:৫৩ অপরাহ্ন
মোঃ বরকত উল্লাহ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০